

জেএসডাব্লু তাদের প্রথম প্রায়োরিটি স্টোর চালু করলো কলকাতাতে

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : জেএসডাব্লু তাদের বহু প্রতিশ্রুতি পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলায় অবস্থিত শালবনীতে নিজস্ব কারখানায় উৎপন্ন সিমেন্ট জেএসডাব্লুর জন্য ভারতের মধ্যে সর্বপ্রথম তাদের প্রায়োরিটি স্টোর চালু করলো কলকাতার কৃষ্ণপুরের হানাপাড়তে অবস্থিত মন্ডল এন্টারপ্রাইজে। এদিন দক্ষিণ কলকাতাতেও জেএসডাব্লু

তাদের আরও এক প্রায়োরিটি স্টোরও চালু করলো। উদ্বোধনে এসে জেএসডাব্লুর সিএমও শ্রী পুসপরাজ সিং জানান যে, জেএসডাব্লু তাদের সিমেন্টকে সর্বস্বত্রে সমানভাবে ছড়িয়ে দেবার



জন্য এই প্রথম প্রায়োরিটি স্টোরের সূচনা করলো। এর ফলে গ্রাহকরা তাদের চাহিদা মৌটাতে পারবেন। তিনি জানান যে, কলকাতা শহরের চার কোণে ৪টি প্রায়োরিটি স্টোর খোলার পরিকল্পনা করেছিলো সংস্থা। তার মধ্যে দুটি শুরু হলেও বাকী দুটি খুব শীঘ্রই চালু হবে। সারা পশ্চিমবঙ্গে প্রায় ১০০টির মতো এই ধরনের স্টোর খোলার পরিকল্পনা আছে এবং তার জন্য আনুমানিক ৪-৫ কোটি টাকা ধর্য করা হয়েছে। শালবনী কারখানার পুরো দমে উৎপন্ন শুরু হয়ে গেলে গ্রাহকদের কাছের এই সিমেন্টের চাহিদা আরও বাড়বে। কেননা শুধু সিমেন্ট কেনাই নয়, এর সঙ্গে থাকবে আরও অন্যান্য অনেক ধরনের পরিষেবা যা শুধু এই প্রায়োরিটি স্টোরগুলি থেকেই উপলব্ধ হবে। গ্রাহকরা সিমেন্ট কেনার এক নতুন অভিজ্ঞতা লাভ করবেন বলেও তিনি উল্লেখ করেন।